# ময়মনসিংহ সিটি কর্পোরেশন

স্থাপিতঃ ২০১৮ খ্রিঃ
ময়মনসিংহ।
(রাজস্ব বিভাগ-বাজার শাখা)
www.mcc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নং- ৪৬.২১.৬১০০.০২৪.০২.০০৩.২৪- ২৯

তারিখ ঃ ২২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২৪ খ্রিঃ

## পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে বিশেষ পশুর হাট ইজারার দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি

(দরপত্র বিজ্ঞপ্তি নংঃ ০১-২০২৩-২০২৪)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক ময়মনসিংহ সিটি কর্পোরেশন পরিচালিত বিশেষ পশুর হাট ইজারা প্রদান করা হবে। বাংলা ১৪৩১ সনের নির্ধারিত সময়ের জন্য ইজারা নিতে ইচ্ছুক প্রার্থীগণের নিকট হতে সীলমোহরযুক্ত আবদ্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে। সাপ্তাহিক ও ছুটির দিন ব্যতীত প্রতিদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত নির্ধারিত মূল্যে দরপত্রের সিডিউল (ফরম) অফেরৎযোগ্য মূল্যে বিক্রয় করা হবে। দরপত্রসমূহ উল্লিখিত তারিখ ও সময়ে সিটি কর্পোরেশন কার্যালয়ে এবং জেলা প্রশাসকের কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে প্রাপ্ত দরপত্রসমূহ ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে।

## বিশেষ পশুর হাটের বিবরণ ও ইজারার শর্তাবলী ঃ

| ক্রমিক নং | বিশেষ পশু হাটের নাম | সরকারী ইজারা মূল্য | দরপত্র মূল্য (অফেরৎ যোগ্য) | ১০০% ইজারামূল্য সহ ভ্যাট, আয়কর ও জামানতের পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | কাচারী পার্ক সংলগ্ন পশুর হাট। | ৩০,৬২,০৭৪/- | ৬,৮০০/- | ১৩০% |
| ০২ | রহমতপুর (খাগডহর ঘুন্টি) পশুর হাট। | ৯,২৩,৪২০/- | ২,৬০০/- | ১৩০% |
| ০৩ | আকুয়া প্রশিক্ষণ কেন্দ্রের মাঠ সংলগ্ন পশুর হাট। | ৩০,০০০/- | ৫০০/- | ১৩০% |
| ০৪ | শিকারী কান্দা পশু হাট। | ৪,০৬,৯৮৮/- | ১,৬০০/- | ১৩০% |
| ০৫ | সুতিয়াখালী বাজার (জিতেন্দ্রগঞ্জ) পশুর হাট। | ২,০২,৩০২/- | ১,২০০/- | ১৩০% |
| ০৬ | সিটির মোড় (৩১ নং ওয়ার্ড) পশুর হাট। | ১,৫২,১২৯/- | ১,০০০/- | ১৩০% |
| ০৭ | চর জেলখানারঘাট সংলগ্ন (নদীর ওপার ৩১ নং ওয়ার্ড) পশুর হাট। | ২,৫০,০০০/- | ১,২০০/- | ১৩০% |

## ক্যালেন্ডারঃ

| বিবরণ | দরপত্র ফরম বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম বার | ২০-০৫-২০২৪খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২১-০৫-২০২৪খ্রিঃ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ২১-০৫-২০২৪খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত |
| ২য় বার | ২৭-০৫-২০২৪খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৮-০৫-২০২৪খ্রিঃ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ২৮-০৫-২০২৪খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত |
| ৩য় বার | ০৩-০৬-২০২৪খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৪-০৬-২০২৪খ্রিঃ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ০৪-০৬-২০২৪খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত |

## শর্তাবলী ঃ

১। আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে উপরে উল্লিখিত স্থানসমূহে বিশেষ পশু (কোরবানীর) হাট বসবে এবং উক্ত হাটগুলো ঈদের পরদিন পর্যন্ত চলবে।

২। দরপত্রের সিডিউল (ফরম) সিটি কর্পোরেশন ও জেলা প্রশাসকের কার্যালয় হতে ক্রয় করা যাবে এবং ক্রয়কৃত দরপত্রে উদ্ধৃত দর (অংকে ও কথায়) উল্লেখ করতে হবে। দরপত্রের প্রতি পৃষ্ঠায় দরপত্র দাখিলকারীকে স্বাক্ষর করতে হবে। কাটাকাটি ঘষামাজা বা ওভার রাইটিং দরপত্র গ্রহণ করা যাবে না।

৩। দরপত্র দাতাকে প্রদত্ত দরের ১০০% ইজারামূল্যে উক্ত ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর ও ৫% জামানতসহ ১৩০% পৃথকভাবে স্থানীয় যে কোন ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, বরাবরে দরপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে। ইজারা গ্রহীতা হাট বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোনো ক্ষতি করলে উক্ত জামানত হতে তা ব্যয় করা হবে।

৪। প্রতিটি পশুহাটের জন্য আলাদা আলাদা দরপত্র দাখিল করতে হবে। এক হাট/বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট/বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফার অন্তর্ভূক্ত হাট/বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র দাখিলকারী/প্রতিষ্ঠানের নামে অত্র সিটি কর্পোরেশনের হাল সনের ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি, আয়কর রিটার্নের সার্টিফিকেট দরপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।

৫। দূর দূরান্ত থেকে আগত পাইকারদের জান মালের নিরাপত্তা বিধানসহ সামাজিক দূরত্ব নিশ্চিত করতে হবে। যানবাহন চলাচল, জনগণের হাঁটাচলা এবং রাস্তাঘাটে কোন ধরণের প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবেনা।

৬। করোনা ভাইরাস প্রতিরোধে বাজারে আগত ক্রেতা বিক্রেতাদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে এবং হ্যান্ড স্যানিটাইজার ও সাবানপানি দিয়ে হাত ধোয়ার পর্যাপ্ত ব্যবস্থা রাখতে হবে।

৭। কোন কারণে হাট/বাজারের সীমানা বর্ধন বা সংকোচন ঘটলে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের নিকট কোন প্রকার আপত্তি চলবে না, এছাড়া প্রাকৃতিক দুর্যোগে বা কর্তৃপক্ষের নিয়ন্ত্রণ বহির্ভূত অন্যকোন কারণে ইজারাদারের টোল আদায় ব্যাহত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৮। ইজারাদারকে তার নিজ খরচে ইজারার চুক্তিপত্র হাট/বাজার নীতিমালা ২০১১ অনুযায়ী ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করে দিতে হবে। ইজারাদার সরকার/সিটি কর্পোরেশনের অনুমতি ব্যতীত হাট/বাজার ভূমিতে কোন প্রকার অবকাঠামো তৈরি, গাছপালা কর্তন, কোন প্রকার ক্ষতিসাধন, সীমানা সংকোচন ইত্যাদি করতে পারবেন না।

৯। ইজারাদারকে হাট/বাজারের সর্বশেষ অনুমোদিত টোল রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে। টোল রেইটের তালিকা হাট/বাজারের বিভিন্ন স্থানে প্রকাশ্যে জনসাধারণের জ্ঞাতার্থে নিজ খরচে টাঙ্গিয়ে রাখতে হবে। ইজারাদার কর্তৃক হাট/বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখার ব্যর্থতা, দৃশ্যমান স্থানে টোল রেইট তালিকা টাঙ্গানোর ব্যর্থতা এবং নির্ধারিত রেইট এর চেয়ে বেশি আদায় করা হলে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত ইজারাদারের চুক্তিপত্র বাতিল করতে পারবেন।

১০। ইজারাদার নিজ খরচে ইজারা প্রাপ্ত হাট/বাজারের একটি পরিদর্শন বহি সংরক্ষণ করবেন।

১১। বিশেষ পশুর হাটের বিদ্যুৎ, পানি, স্যানিটেশন প্রভৃতির সংযোগ এবং অগ্নি নির্বাপন ব্যবস্থা নিজ দায়িত্বে করতে হবে।

১২। বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগের সর্বশেষ জারীকৃত সরকারী হাট/বাজার ইজারা পদ্ধতি এবং ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা মেনে চলতে ইজারাদার সার্বক্ষণিকভাবে বাধ্য থাকবেন।

১৩। অকৃতকার্য দরপত্র দাতার দাখিলকৃত জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত দেয়া হবে। তবে সর্বোচ্চ দরপত্র দাতার দর অনুমোদন না হওয়া পর্যন্ত ২য় সর্বোচ্চ দর দাতার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা রাখা হবে।

১৪। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত হাট বা বাজার অন্যের নিকট ইজারা বা সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন ধরা পড়ে তবে তার ইজারা বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৫.০৫.২০২৪

(সেঁজুতি ধর)
প্রধান রাজস্ব কর্মকর্তা
ময়মনসিংহ সিটি কর্পোরেশন
ময়মনসিংহ।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ

০১। মাননীয় মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
০২। কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলর (সকল), ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ।
০৫। সচিব, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
০৬। অধিনায়ক, র‍্যাব-১৪, ময়মনসিংহ।
০৭। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপদ বিভাগ, ময়মনসিংহ।
০৮। জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ।
০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর, ময়মনসিংহ।
১০। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ময়মনসিংহ।
১১। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব। ইহা বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২। ষ্টাফ অফিসার টু ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ (ডিআইজি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। সহকারী কমিশনার (ভূমি), সদর, ময়মনসিংহ।
১৪। জনসংযোগ কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ (১টি জাতীয় ও ২টি স্থানীয় পত্রিকায় প্রচারের অনুরোধ সহ)।
১৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

প্রচার ও সংরক্ষণার্থে ঃ

১৬। নোটিশ বোর্ড/www.mcc.gov.bd ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
১৭। সংশ্লিষ্ট নথি।